

রাজ্য

মালিকের গাড়িতে ঘুমন্ত অবস্থায় পরিচারকের মৃত্যু

আজকালের প্রতিবেদন

মালিকের ব্যক্তিগত গাড়ির ভেতর থেকে পরিচারকের মৃতদেহ উদ্ধার। সোমবার সকালে ঘটনাটি ঘটেছে ফুলবাগান থানা এলাকার সিআইটি রোডে। মৃতের নাম অখিলেশ সিং (৪২)। বিডন স্ট্রিটের বাসিন্দা ওই ব্যক্তি সিআইটি রোডের একটি বাড়িতে পরিচারক হিসেবে কাজ করতেন। পুলিশ জানিয়েছে, এদিন সকাল ৮টা নাগাদ সিআইটি রোডের সামনে দাঁড় করানো একটি প্রাইভেট গাড়ির চালকের পাশের আসনে অখিলেশকে সংজ্ঞাহীন অবস্থায়

পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। তাঁকে বারবার ডাকাডাকি করেও কোনও সাড়া মেলেনি। ফুলবাগান থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ওই ব্যক্তিকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। প্রাথমিক তদন্তে উঠে এসেছে, অখিলেশ যে বাড়ির পরিচারক ছিলেন, সম্প্রতি সেই বাড়ির মালিকের খাবার মৃত্যু হয়েছে। তাই বাড়ি ফাঁকা ছিল। সেই কারণে অখিলেশ সিং ভয়ে মালিকের গাড়ির ভেতরেই ঘুমিয়ে থাকার সিদ্ধান্ত নিয়েছিলেন। পুলিশ এখনও পর্যন্ত মৃত্যুর পিছনে কোনও অস্বাভাবিকতা বা চক্রান্তের প্রমাণ পায়নি।



পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন পেনশনার্স রাজ্য শাখার অন্তর্গত পূর্ব মেদিনীপুর জেলার প্রথম বর্ষ জেলা সম্মেলন অনুষ্ঠিত হল পূর্ব মেদিনীপুর জেলা পরিদহ সভাকক্ষে। সম্মেলনের উদ্বোধন করেন জেলা সভাপতিপতি উত্তম বারিক। স্বাগত ভাষণ দেন প্রাক্তন মন্ত্রী তথা এইচ ডি- এর চেয়ারম্যান জ্যোতির্ময় দাস। সম্মেলনে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের রাজ্য নেতৃত্ব অতুল দাস অধিকারী, জেলা সভাপতি অনুপ মাইতি, পেনশনার্স রাজ্য শাখার সভাপতি সুনীল কর প্রমুখ। সম্মেলনে অবসর সাধী নামে স্মরণিকা প্রকাশ করেন প্রাক্তন মন্ত্রী তথা এইচ ডি-এর চেয়ারম্যান জ্যোতির্ময় কর। আগামী দিনে শক্তিশালী সংগঠন চালানোর উদ্দেশ্যে ৪১ জনের কমিটি এবং ১১ জনের কোর কমিটি তৈরি করা হয়েছে। পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন নীলকান্ত নায়ক ও কার্যকরী সভাপতি গোপালা সাহু। সম্মেলনে পূর্ব মেদিনীপুর জেলার ২৫টি ব্লক ও ৫টি পুরসভা থেকে আড়াইশো প্রতিনিধি উপস্থিত হয়েছিলেন।

বিজ্ঞপ্তি

জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, নিম্নোক্ত কন্যা শিশু ও শিশু পুত্র দুজনের উত্তর দিনাজপুর জেলার শিশু কল্যাণ সমিতির তত্ত্বাবধানে নিরাপদ আশ্রয়ে রহিয়াছে। উক্ত শিশু দুজনের অভিভাবক/অভিভাবিককে আগামী ০৮.০১.২০২৬ তারিখের মধ্যে সরকারি কাজের দিনে বেলা ৪ টার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় উপস্থিত প্রমাণ সহিত যোগাযোগ করিবার জন্য অনুরোধ জানানো যাইতেছে। উল্লিখিত তারিখের মধ্যে উক্ত শিশু দুজনের কোন অভিভাবকদের দাবিদার পাওয়া না যাইলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে।

শিশুর বিবরণ	শিশুর ছবি
কন্যা শিশু, বয়স ২ বছর ১৫ দিন, উচ্চতা ৮১ সেমি, ফর্সা, সাধারণ কালো চোখ।	
শিশু পুত্র, আনুমানিক বয়স ৫ মাস ৫ দিন, উচ্চতা ৬৭ সেমি, ফর্সা, সাধারণ কালো চোখ।	
যোগাযোগের স্থান: জেলা শিশু সুরক্ষা ইউনিট, তৃতীয় তল, কক্ষ নং-২০৪ (ক), জেলা মাহাত্ম্য কবর, কর্ণজোড়া, উত্তর দিনাজপুর।	



সিনার্জি অ্যান্ড বিজনেস ফেসিলিটেশন কনক্রেডে রয়েছেন মন্ত্রী মানস ভূইয়া, চন্দ্রনাথ সিংহ ও শ্রীকান্ত মাহাতো, ক্ষুদ্রশিল্প দপ্তরের সচিব রাজেশ পাণ্ডে। কোলাঘাটে, সোমবার। ছবি: প্রতিবেদক

কোলাঘাটে সিনার্জি কনক্রেড

মেদিনীপুর-ঝাড়গ্রামের ক্ষুদ্র শিল্পে ৬ হাজার কোটি বিনিয়োগ: চন্দ্রনাথ

যজ্ঞেশ্বর জানা

কোলাঘাট, ৮ ডিসেম্বর

আগামী তিন বছরে পূর্ব, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলার ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে ৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে। সোমবার কোলাঘাটের বলাকা মঞ্চে আয়োজিত ‘সিনার্জি অ্যান্ড বিজনেস ফেসিলিটেশন কনক্রেড’ থেকে এই ঘোষণা করেন সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী চন্দ্রনাথ সিংহ। তিনি জেলার ক্ষুদ্র শিল্পোদ্যোগীদের সমস্যা সমাধান ও নতুন সম্ভাবনার দিশা নিয়ে অনুষ্ঠিত হয় এই কনক্রেড। মন্ত্রী চন্দ্রনাথ সিংহ বলেন, ‘গ্রামবাসিন্দার অর্থনীতিক মজবুত করা এবং কর্মসংস্থান তৈরির লক্ষ্যেই জেলায় জেলায় এই উদ্যোগ নেওয়া হচ্ছে। যে জেলায় যে

কাঁচামাল সহজলভ্য, সেই শিল্পের ওপরই মূলত জোর দেওয়া হচ্ছে। শিল্পোদ্যোগীদের পাশে সরকার সবসময় প্রস্তুত এবং ব্যাকিং সংক্রান্ত সমস্যাও দূর করা হবে।’

মন্ত্রী মানস ভূইয়া বলেন, ‘ক্ষুদ্র শিল্পকে কর্মমুখী করে অর্থনৈতিক বিনিয়োগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সারা দেশে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে।’ এদিনের কর্মসূচিতে প্রায় ৪৭০ জন উদ্যোগপতি অংশ নেন। উপস্থিত ছিলেন মন্ত্রী শ্রীকান্ত মাহাতো, ক্ষুদ্র শিল্প দপ্তরের সচিব রাজেশ পাণ্ডে–সহ তিন জেলার জেলাশাসক, জেলা পুলিশ অধিকারিক ও অন্যান্য উচ্চপদস্থ অধিকারিকরা। রাজ্য সরকারের ১৪টি দপ্তরের ষ্টল থেকে শিল্পোদ্যোগীদের বিভিন্ন সমস্যার সমাধান করা হয় এবং কাজ শুরু কর্তা ভূমি, বিদ্যুৎ, অগ্নিনির্বাপণ দপ্তরের ছাড়পত্র ও ব্যাকের অনুমোদন প্রদান করা হয়।

অসুস্থ বিএলওকে দেখে এলেন বিধায়ক

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

কাজের চাপে ফের অসুস্থ হয়ে পড়লেন এক বিএলও। এবার হাওড়ার বিলিতে। অসুস্থ ওই বিএলওর নাম কুসুম মজুমদার পাল। বাড়ি বালির শালিয়ারামে। আইসিডিএসের কর্মী কুসুম বালিও ৩২ নম্বর পার্টে বিএলও হিসেবে কাজ করছেন। শনিবার বালির ব্যারাকপুল স্কুলে বিএলওদের নিয়ে একটি

ডাঃ রানা চ্যাটার্জি। অসুস্থ বিএলও কুসুমের স্বামী সুশান্ত পাল বলেন, ‘দিনরাত এক করে শুকে একাই সব কাজ করতে হচ্ছিল। ওর পার্টে ১২০০ জন ভোটার। তথ্য আপলোড করতে গিয়ে অনেক সময়ই ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। রাত ১২টা পর্যন্ত কাজ করতে হচ্ছিল। এই নিয়ে কুসুম আতঙ্ক ভুগছিলেন কদিন ধরেই। তার জেরেই মাথা ঘুরে পড়ে অসুস্থ হয়ে যায়।’

সহকর্মী খুনে

আমৃত্যু কারাদণ্ড

দত্তপুকুরে সহকর্মীকে খুনের মামলায় অভিযুক্ত বিজিৎ লসকে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দিল বারাসত আদালত। সোমবার বারাসত আদালতের সপ্তম অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক প্রজ্ঞাপাণী ভট্টাচার্য (হুসেন) এই রায় ঘোষণা করেন। দত্তপুকুরে বিক্রম সাহার মিস্তির দোকানে একসঙ্গে কাজ করতেন পরিচোষ পাণ্ডে ও বিজিৎ লস। ২০২৪ সালের ২৫ নভেম্বর কাজ শেষে পরিচোষের বাড়িতে মদের আর বসে। সেই সময় নেশাগ্রস্ত পরিচোষ, বিজিৎয়ের স্ত্রী সম্পর্কে আপত্তিকর মন্তব্য করে। এরপর পরিচোষকে পিছন দিক থেকে ভাঙা বস্তু দিয়ে মাথায় আঘাত করতে শুরু খুন করে বিজিৎ। এরপর মৃত্যু নিশ্চিত করতে তার গলা কেটে দেয় সে।

শুভেন্দু,

হুমায়ুন মুদ্রার এপিঠ-ওপিঠ: জয়প্রকাশ

বিজয়প্রকাশ দাস

বর্ধমান, ৮ ডিসেম্বর

‘একই মুদ্রার এপিঠ–ওপিঠ, শুভেন্দু ও হুমায়ুন। তাঁরা শুধু হিন্দু ও মুসলমানের মধ্যে ঝগড়া বাধানোর চেষ্টা করছেন।’ এই অভিযোগ করলেন তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার। সোমবার বর্ধমানের কাঞ্চননগর কঙ্কালেশ্বরী কালীবাড়ি মাঠে বর্ধমান শহর ২৩ নম্বর ও ২৪ নম্বর ওয়ার্ড তৃণমূল কংগ্রেসের উদ্যোগে কর্মী সম্মেলনে যোগ দিতে আসেন তিনি। জয়প্রকাশ আরও অভিযোগ তুলে বলেন, ‘হুমায়ুন কবির বলছেন, মুসলমানদের এক হওয়ার কথা। অর্থাৎ ধর্ম নিয়ে রাজনীতি। আবার শুভেন্দু অধিকারীও বলছেন, হিন্দুদের এক হওয়ার কথা। সেটাও ধর্ম নিয়ে রাজনীতি। পশ্চিমবঙ্গের সবাই মিলে থাকার যে ঐতিহ্য সেটাকে ভেঙে চুরমার করে দেওয়ার চেষ্টা করছেন এই দু’জন। সুতরাং দু’জনের বক্তব্যের মধ্যে কোনও তফাত নেই। একইই মুদ্রার এপাশে শুভেন্দুর মুখ এবং ওপাশে হুমায়ুন কবিরের মুখ। তাঁরা শুধু হিন্দু–মুসলমানের মধ্যে ঝগড়া বাধানোর চেষ্টা করছেন।’



বক্তা জয়প্রকাশ মজুমদার। পূর্ব বর্ধমানের কাঞ্চননগরে, সোমবার। ছবি: প্রতিবেদক

তিনি বলেন, ‘এই পরিকল্পনা বা যড়যন্ত্র, দু’জনে মিলে করছেন। আগামী দিনে পশ্চিমবঙ্গের মানুষ এই জাতেরে মনে বজাতি, এই ধর্মের নামে বিভাজন কোনওটাকেই গ্রহণ করবেন না। বরং ধর্মেরকে পরিভাগ করবেন। ভোটে শোচনীয় ভাবে পরাজিত হয়ে বিদায় দেবে।’ বিজেপিকে একহাত নিয়ে জয়প্রকাশ বলেন, ‘বিজেপি ধর্ম নিয়ে রাজনীতি করে। বাংলায় মিডিয়া আছে বলে বিজেপি আছে। মিডিয়া সরে গেলে বিজেপির বি–ও থাকবে না। বিজেপির সাইনবোর্ডও থাকবে না। সুতরাং তৃণমূলের সঙ্গে কোনও তুলনা করে লাভ নেই। তৃণমূলের লক্ষ লক্ষ কর্মী আছে। যে দলটা রাজ্য সভাপতি নির্বাচিত হওয়ার ছ’মাসের মধ্যেও রাজ্য কমিটি তৈরি করতে পারেন না, তার পূর্তন সভাপতির মুখে এইসর বড় বড় কথা মানায় না।’ তিনি বলেন, ‘২০২০–তে আইএসএফ নামে একটি পার্টি গড়িয়েছিল ২০২১ এর বিধানসভা কে সামনে রেখে। এবার হয়েছে হুমায়ুন কবির। তখন আইএসএফ–কে বিজেপি তৈরি করিয়েছিল, এখনও হুমায়ুন কবির–কমিটি তৈরি করতে করিয়েছে। আইএসএফের যা দশা হয়েছিল, হুমায়ুন কবিরেরও তাই হবে।’

GOVERNMENT OF WEST BENGAL									
North 24 Parganas Zilla Parishad Tender									
Additional Executive Officer, North 24 Parganas Zilla Parishad invites online tender as follows: (1) NIT NO- E-ENG25-26 (Eng), (2) NIT NO- E-ENG25-26 (Eng) Dated:08.12.2025. Details may be obtained from the website: https://wbtreps.gov.in/ Sd/-Additional Executive Officer, North 24 Parganas Zilla Parishad 1958(3)/DICO/N24Pg, dt.08.12.2025									

দক্ষিণ পূর্ব মধ্য রেলওয়ে ই-নিলাম বিজ্ঞপ্তি

ক্রমিক নং: (১) ই-নিলাম নং DRM-ENG-BSP-T-159-25-26, তারিখ ০৩.১২.২০২৫। কার্য এলাকা: ADEN/Central/BSP-র অধীনে শীতকালীন উৎসবের জন্য সহকারী টেলকারী (উৎসবকারী স্ট্রী) নিয়োগ, মেসার্স দুই বরু। নিলামের মূল্য (টাকায়): ২,৫৫,৫৬,৬৫২,২০/- EMD (টাকায়): ২,১৭,০০০,০০/- সমাপ্তির সময়কাল: ২৪ মাস নিলাম দাখিলের স্ক্রল তারিখ: ১৫-১২-২০২৫ তারিখে সকাল ১১.০০টা থেকে নিলাম দাখিলের শেষ তারিখ: তারিখে সকাল ১১.০০টা পর্যন্ত উপরেতে ই-নিলাম বিজ্ঞাপন সম্পূর্ণ তথ্য <https://www.treps.gov.in> ওয়েবসাইটে পাওয়া যাবে। ই-নিলাম বাতীল অন্য কোনো দরপত্র গ্রহণযোগ্য হবে না।

বিভাগীয় রেলওয়ে ম্যানেজার (প্রকৌশল) CPR/IO/AM/S19, দ.প.ম, বেল, কান্দাপুর

South East Central Railway



দুর্গাপুরে আমলভিসের পুস্তিকা উদ্বোধনে মন্ত্রী বিরবাহা হাঁসদা, ডাঃ দীপিকা কুনালডেভিল, জয়িতা মিত্র, মহকুমা শাসক সুমন বিশ্বাস এবং পুরসভার চেয়ারপারসন অনিঙ্গিচা মুখার্জি প্রমুখ। এদিন মন্ত্রী বলেন, ‘রাজ্য জুড়ে বিভিন্ন গ্রাম এলাকায় আদিবাসী, উপজাতি পরিবারের মানুষরা মুখ্যমন্ত্রীর ভাবধারায় সুস্থ জীবন যাপন করছেন। আগের কোনও সরকারের আমলে আদিবাসীরা ভাল ছিলেন না।’ ছবি: আবার রায়

আমতার স্কুলে অষ্টম শ্রেণির ছাত্রের ব্যাগে বন্দুক, বিস্ফোভ

আজকালের প্রতিবেদন

অষ্টম শ্রেণির এক ছাত্রের স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে আসার ঘটনাকে ঘিরে উত্তেজনা ছড়াল আমতায়। ঘটনার প্রতিবাদে স্কুলের গেটে তাল্লা দিয়ে বিস্ফোডে ফেটে পড়েন অভিভাবকেরা। সোমবার বিকালে ঘটনাটি ঘটে আমতার খড়দা গ্রামে সোমনাথী ফতে সিং নাহার উচ্চ বিদ্যালয়ে। ঘটনাস্থলে উত্তেজনা ছড়িয়ে পড়ায় সোমালেশন পৌঁছায় বিশাল পুলিশবাহিনী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঘটনার সূত্রপাত গত শুক্রবার। ওই স্কুলের অষ্টম শ্রেণির এক ছাত্রের সঙ্গে তার বন্ধুর ঝামেলা-মারপিট হয়। এরপর শনিবার বন্ধুকে ভয় দেখানোর জন্য ওই দু’জনের মধ্যে এক ছাত্র স্কুলের ব্যাগে করে আগ্নেয়াস্ত্র নিয়ে আসে বলে অভিযোগ। এই কথা চাউর হতেই ক্লাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রধান শিক্ষক আমতা থানায় খবর দেন। পুলিশ এসে ওই ছাত্রের ব্যাগ থেকে আগ্নেয়াস্ত্রটি উদ্ধার করে। স্কুলের গঞ্চ থেকে দুই ছাত্রের অভিভাবকদের ডেকে পাঠানো হয়। পুলিশের হস্তক্ষেপে তাদের স্কুল থেকে সতর্ক করে দেওয়া হয়। এরপর যে ছাত্রটি আগ্নেয়াস্ত্র নিয়ে এসেছিল, তার শাস্তির দাবিতে সোমবার স্কুলে বিস্ফোডে শামিল হন অভিভাবকদের একাংশ। তাঁরা স্কুলের গেটে তাল্লা দিয়ে বিস্ফোভ দেখাতে থাকেন। এর জেরে শিক্ষকেরা আটকে পড়েন। বিস্ফোভকারীদের অভিযোগ, স্কুলের প্রধান শিক্ষক আসল ঘটনা ধামাচাপা দিতে চাইছেন। বিস্ফোভের খবর পেয়ে এসডিপিওর নেতৃত্বে বিরাট পুলিশবাহিনী ঘটনাস্থলে যায়। পুলিশ জানিয়েছে, পাখি মারা বন্দুক ছিল। কোথা থেকে ছাট্টি ওই বন্দুক দেখিয়েছিল, তাও খতিয়ে দেখছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ওই ছাত্রদের অভিভাবকদের সঙ্গেও কথা বলছেন তদন্তকারী।

দুর্নীতির অভিযোগ, বিজেপি প্রধানের

জবাব তলব প্রশাসনের

আজকালের প্রতিবেদন

নন্দীগ্রাম, ৮ ডিসেম্বর

দুর্নীতির বিবাদে বিপাকে নন্দীগ্রাম ১ ব্লকের বিজেপি পরিচালিত গোকুলনগর গ্রাম–পঞ্চায়েত। প্রধান ও এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট মিলে নানাভাবে সরকারি অর্থ আত্মসাৎ করছেন বলে অভিযোগ। বিজেপির কর্মীরাই সরব হয়েছেন পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে। এই মর্মে তাঁরা অভিযোগ জানিয়েছেন ব্লক প্রশাসনের কাছে। তার প্রেক্ষিতে পঞ্চায়েত প্রধানের থেকে আত্মপক্ষ–সমর্থনের জবাব চেয়েছেন বিডিও। বিজেপি কর্মীদের অভিযোগ, প্রধান দীনবন্ধু মণ্ডল তাঁর পছন্দমতো ঠিকাদারকে সরকারি নিয়ম না মেনে কাজ দিচ্ছেন। ভুয়া বিল দেখিয়ে পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে টাকা তোলা হয়েছে এবং স্কোভাচারী মনোভাব নিয়ে প্রধান গ্রাম পঞ্চায়েত পরিচালনা করছেন।

নন্দীগ্রাম ১ বিডিও নাজিরুদ্দিন সরকার জানিয়েছেন, অভিযোগের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েত প্রধানের থেকে আত্মপক্ষ সমর্থনের জবাব চাওয়া হয়েছে। জবাব খতিয়ে দেখে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। গত ৪ ডিসেম্বর ব্লক প্রশাসনের তরফে চিঠি পাঠিয়ে ৮ ডিসেম্বরের মধ্যে জবাব চাওয়া হয়েছিল প্রধান দীনবন্ধু মণ্ডলের থেকে। এ ব্যাপারে অবশ্য তাঁর কোনও প্রতিক্রিয়া মেলেনি। এর আগে ৫৮ লক্ষ টাকা পঞ্চায়েত তহবিল তছরপের অভিযোগ উঠেছিল বিজেপির এই প্রধানের বিরুদ্ধে। নন্দীগ্রাম ১ ব্লক তৃণমূল কোর কমিটির নেতৃত্ব দেখে সুবিয়ান বলেন, ‘বিজেপি পরিচালিত গ্রাম–পঞ্চায়েতগুলিতে উন্নয়ন কম, দুর্নীতিই বেশি হচ্ছে।’ তার মধ্যে গোকুলনগর গ্রাম–পঞ্চায়েতে সেরাও সেরা। যদিও এতে তৃণমূলেরই চক্রান্ত দেখছেন বিজেপির তমলুক সাংগঠনিক জেলা সাধারণ সম্পাদক মেঘনাদ পাল। দলীয় কর্মীদের অভিযোগকে ঘিরে দুর্নীতি প্রকাশ্যে এসেছে সে কথা মানতেই নারাজ তিনি।

WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED			
(A Company wholly owned by the Government of West Bengal)			
Swasthya Sathi, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091			
Memo No: HPW-230111(58)68/2025-MC SEC-Dept. of H&FW/11445 Date : 08/12/2025			
NOTICE INVITING E-TENDER			
West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for providing FMS at Jaduberia Campus of Uluberia MC&H as per details indicated in the table below :			
Sl. No.	Particulars	Bid Ref. No.	Last date of submission of online bid
1.	Facility Management Services at Jaduberia Campus of Uluberia MC&H	WBMSCL/ NIT- 1011/2025 Dated - 08.12.2025	30.12.2025 at 14:00 hrs
Interested Bidders may download the tender document and /or submit their bids online at the website www.wbtenders.gov.in . The tender document may also be downloaded from the websites www.wbhealth.gov.in , www.wbmssc.gov.in & www.egijebangla.gov.in			
Sd/- General Manager, WBMSCL			

* বঙ্গবন্ধু পরিষদের অধিবেশন অনুষ্ঠিত হওয়া এবং পরবর্তীতে আনুষ্ঠানিক অধিবেশন অনুষ্ঠিত হওয়ার ১২ ঘণ্টা হারে প্রয়োজ্যকর্তৃপক্ষ, অনুপ্রাণিত করা, সাধারণ রায় ইত্যাদি। * সিএনডি হাউসিং: বিদ্যমান সিটিজিএস-এর অনুমোদিত অধিকারিকের সেরা জাল ও অমানুষিক উপনির্মাণিক বন্ধুত্ব পদ্ধতি সম্পর্কিত প্রথম অংশ কোনও দায়।

১. আনুষ্ঠানিক অধিবেশন অনুষ্ঠিত হওয়ার ১২ ঘণ্টা হারে প্রয়োজ্যকর্তৃপক্ষ, অনুপ্রাণিত করা, সাধারণ রায় ইত্যাদি। * সিএনডি হাউসিং: বিদ্যমান সিটিজিএস-এর অনুমোদিত অধিকারিকের সেরা জাল ও অমানুষিক উপনির্মাণিক বন্ধুত্ব পদ্ধতি সম্পর্কিত প্রথম অংশ কোনও দায়।